**AKASHVANI Kolkata**

**Regional News Unit**

**Date : 09-05-2026** **Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ পশ্চিমবঙ্গে প্রথম বিজেপি সরকার আজ শপথ নিয়েছে।

**#** মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ছাড়াও, দিলীপ ঘোষ, ক্ষুদিরাম টুডু, অগ্নিমিত্রা পাল, অশোক কীর্তনীয়া এবং নীশিথ প্রামাণিক, মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

**#** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ একাধিক কেন্দ্রীয় মন্ত্রী এবং ২০টি রাজ্যের মুখ্যমন্ত্রী, শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

২/ যথোচিত মর্যাদায় আজ রাজ্য জুড়ে রবীন্দ্র জয়ন্তী উদ্‌যাপিত হচ্ছে।

৩/ অনুকূল পরিস্থিতি এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশী থাকায়, রবিবার পর্যন্ত রাজ্যে বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

৪/ ISL ফুটবলে মোহনবাগান আজ, FC-গোয়ার বিরূদ্ধে খেলবে।

***********************************************************************

আজ রবীন্দ্র জয়ন্তীতে দিন পশ্চিমবঙ্গে প্রথম বিজেপি সরকার শপথ নিল। নন্দীগ্রাম ও ভবানীপুর–দুই আসনে জয়ী শুভেন্দু অধিকারী, রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী রূপে শপথ গ্রহণ করেছেন।

( বাইট- শুভেন্দু অধিকারী )

শুভেন্দু অধিকারীর সঙ্গে আরো পাঁচজন বিজেপি বিধায়ক, মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। খড়গপুর সদর কেন্দ্র থেকে বিজয়ী **দিলীপ ঘোষ,** শপথ নেন।

( বাইট- দিলীপ ঘোষ )

**বাঁকুড়া**র রাণীবাধ থেকে বিজয়ী ক্ষুদিরাম টুডু, শপথ নিয়েছেন সাঁওতালি ভাষায়।

( বাইট- ক্ষুদিরাম টুডু )

**আসানসোল-দক্ষিণ** কেন্দ্র থেকে বিজয়ী অগ্নিমিত্রা পাল শপথ নেন।

( বাইট- অগ্নিমিত্রা পাল )

**বনগাঁ-উত্তর** থেকে বিজয়ী অশোক কীর্তনীয়া শপথ নেন।

( বাইট- অশোক কীর্তনীয়া )

**কোচবিহারে**র মাথাভাঙা থেকে জয়ী নীশিথ প্রামাণিক'ও আজ শপথ নিয়েছেন।

( বাইট- নীশিথ প্রামাণিক )

কোনো মন্ত্রীর'ই দপ্তর, এখন ঘোষণা করা হয়নি।

আজকের শপথ গ্রহণ মঞ্চে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী এবং উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, অজয় মুখোপাধ্যায়ের পর এই প্রথম রাজ্যের কোনো জেলা থেকে মুখ্যমন্ত্রী হলেন। এই দুজনেই মেদিনীপুর থেকে তাঁদের রাজনৈতিক জীবন শুরু করেন। দীর্ঘ ১৫ বছরের তৃণমূল কংগ্রেস শাসনের অবসান ঘটিয়ে বিজেপি, এরাজ্যে এই প্রথমবার ক্ষমতায় এলো।

আজ শপথ গ্রহণ অনুষ্ঠানের শুরুতে, ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর সঙ্গী মাখনলাল সরকারকে প্রধানমন্ত্রী সম্বর্ধিত করেন।

আমাদের প্রতিনিধির একটি বিশেষ প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

*************************************************************************

এদিকে, পূর্ব মেদিনীপুর থেকে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন, জেলার ছেলে শুভেন্দু অধিকারীর মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ অনুষ্ঠান দেখার জন্য বহু জায়গায় জায়ান্ট স্ক্রিন লাগানো হয়।

কোলাঘাট থেকে দীঘা, সব জায়গাতেই চলে লাড্ডু বিতরণ।

শপথ গ্রহণের মুহূর্তে মহিলারা শাঁখ বাজান। এই উৎসবের প্রাণকেন্দ্র কাঁথির শান্তিকুঞ্জ এখন শুভেন্দু অধিকারীর ঘরে ফেরার অপেক্ষায়।

*************************************************************************

পুরুলিয়ার জয়পুরে মাঠের মধ্যে বিজেপির এক বুথ সভাপতির দেহ উদ্ধারের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।

পরিবার সূত্রে জানা গেছে পুরুলিয়ার জয়পুর বিধানসভার বেলডি এলাকার বাসিন্দা হাবুলাল গতরাতে একটি বিয়ে বাড়িতে গেছিলেন। তারপর তাঁর কোন সন্ধান পাওয়া যায়নি। আজ তাঁর রক্তাক্ত দেহ পুরুলিয়া মফস্বল থানার কানালি এলাকার একটি মাঠ থেকে উদ্ধার করে পুলিশ।

পরিবারের লোকের অভিযোগ খুন করা হয়েছে হাবুলাল গোপ নামে আড়ষা এলাকার বিজেপির বুথ সভাপতিকে।

দেহটি ময়না তদন্তের জন্যে পুরুলিয়া দেবেন মাহাতো মেডিকেল কলেজ ও হসপিটালে নিয়ে যাওয়া হলে সেখানে বিজেপি কর্মীরা খুনের অভিযোগ তুলে ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানান।

**********************************************************************

পশ্চিম মেদিনীপুরের গড়বেতার বড়মুড়া অঞ্চলের বলরামপুরে বিপুল পরিমাণ তাজা বোমা উদ্ধারের ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। গোপন খবরের ভিত্তিতে পুলিশ তল্লাশি চালিয়ে ঝোপের আড়াল থেকে ঐ বোমাগুলির হদিশ পায়। বম্ব স্কোয়াড সেগুলি নিষ্ক্রিয় করে।

**********************************************************************

তৃণমূল কংগ্রেস দলবিরোধী মন্তব্যের দায় পাঁচ নেতাকে শোকজ করেছে। এই পাঁচ নেতা হলেন ঋজু দত্ত, কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী, কোহিনূর মজুমদার, পাপিয়া ঘোষ ও কার্তিক ঘোষ। দলের শৃঙ্খলা রক্ষা কমিটির তরফে ডেরেক ওব্রায়েন গতকাল এই পাঁচজনকে শোকজের নোটিশ দেন। শৃঙ্খলাভঙ্গের দায়ে কেন তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে না, তা লিখিতভাবে জানাতে বলা হয়েছে।

**********************************************************************

কলকাতার হগ মার্কেট সহ বিভিন্ন জেলায় সরকার পরিবর্তনের পর তৃণমূল কংগ্রেসের পার্টি অফিস, লেনিনের মূর্তি ভাঙচুর সহ বিভিন্ন হিংসার ঘটনায় কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপ চেয়ে দায়ের করা জনস্বার্থ মামলায় জরুরী ভিত্তিতে শুনানির আবেদন আদালত গ্রহণ করেনি। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে গতকাল জরুরী শুনানির আবেদন জানানো হয়।

**********************************************************************

আজ ২৫ শে বৈশাখ, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫-তম জন্মবার্ষিকী। নতুন সরকারের শপথ গ্রহণের আবহে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে, দিনটি রাজ্য ও দেশজুড়ে যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে।

( রবীন্দ্র সঙ্গীত/ আলোকের এই ঝর্ণাধারায় )

এই উপলক্ষে রাজ্যের সর্বত্র সকাল থেকে নানা সংগঠন ও বিদ্যালয়ের উদ্যোগে আয়োজন করা হয় প্রভাত ফেরি ও নানা অনুষ্ঠানের। কলকাতার ব্রিগেড প্যারেড ময়দানে নতুন মুখ্যমন্ত্রীর শপথ গ্রহণ অনুষ্ঠান মঞ্চ থেকে, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, শুভেন্দু অধিকারী সহ উপস্থিত সকলে কবিকে শ্রদ্ধা জানান।

**শান্তিনিকেতনে**র ঐতিহ্য অনুযায়ী, ভোর পাঁচটায় গৌরপ্রাঙ্গণে বৈতালিকের মাধ্যমে কবি প্রণামের সূচনা হয়। এরপর রবীন্দ্রভবনে কবিকণ্ঠে গান ও আবৃত্তি হয়। জন্ম উৎসবের মূল অনুষ্ঠানটি হয় সকাল ন'টায় মাধবী বিতানে। সন্ধ্যায় গৌর প্রাঙ্গনে থাকছে নৃত্যনাট্য মায়ার খেলা।

**তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে** সকালে প্রেক্ষাগৃহের সামনের রবীন্দ্র মূর্তিতে মাল্যদান করা হয়। সন্ধ্যায় রবীন্দ্র সদন প্রেক্ষাগৃহে আয়োজন করা হয়েছে কবিপ্রণামের । **জোড়াসাঁকো** ঠাকুরবাড়ি ও রথীন্দ্র মঞ্চে বরাবরের মতো কবির প্রতি শ্রদ্ধা জানান শিল্পী ও রবীন্দ্রপ্রেমী মানুষ।

বামফ্রন্টের পক্ষ থেকে জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে কবিগুরুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। বিকেলে বাগবাজার মায়ের ঘাট থেকে জোড়াসাঁকো হয়ে নাখোদা মসজিদ পর্যন্ত এক পদযাত্রার আয়োজন করেছে একটি সংগঠন।

প্রদেশ কংগ্রেসের রাজ্য দপ্তর বিধান ভবনে'ও দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী, কালীঘাটে তাঁর বাড়িতেই রবীন্দ্রজয়ন্তী পালন করছেন।

কবি প্রণাম উপলক্ষে আকাশবাণী সংবাদের একটি শ্রদ্ধার্ঘ্য।

( ভয়েস কাস্ট- অভিজিৎ )

*****************************************************************

প্রায় তিন বছরের টানা পোড়েনের পর অবশেষে রাজ্যের তিনটি বিশ্ববিদ্যালয় নতুন উপাচার্য পেতে চলেছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে দ্বৈপায়ন ভরদ্বাজ, মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তাপস চক্রবর্তী এবং নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে রঞ্জন চক্রবর্তী উপাচার্য হচ্ছেন। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত ও জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ গতকাল চার সপ্তাহের মধ্যে এই তিনজনকে উপাচার্য হিসাবে নিয়োগের প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে। এর আগে শীর্ষ আদালতের প্রাক্তন প্রধান বিচারপতি উদয় উমেশ ললিতের নেতৃত্বাধীন নির্বাচক কমিটি, উপাচার্য পদে এই তিনজনের নাম সুপারিশ করে।

উল্লেখ্য রাজ্যে ৩৬ টি স্থায়ী উপাচার্য নিয়োগ নিয়ে ২০২৩ সাল থেকে সুপ্রিম কোর্টে মামলা চলছিল। বাকি বিশ্ববিদ্লয়গুলির স্থায়ী উপাচার্য নিয়োগ নিয়ে জয় আগেই কেটে গেলেও এই তিনটি বিশ্ববিদ্যালয় নিয়ে জটিলতা ছিল। শীর্ষ আদালতের গতকালের নির্দেশের পর ৩৬ টি বিশ্ববিদ্যালেয়ই স্থায়ী ভিসি নিয়োগ নিয়ে জটিলতার অবসান হল।

*****************************************************************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যে আগামীকাল পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আজ দুপুরের পর কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় ঝড় বৃষ্টির সম্ভাবনা বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

সোমবার থেকে অবশ্য বৃষ্টির পরিমাণ কমবে।

এদিকে, ঝড় বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা কমেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ২ ডিগ্রি কম।

*****************************************************************

ISL ফুটবলে মোহনবাগান আজ, FC-গোয়ার বিরুদ্ধে খেলবে। গোয়ার মারগাওয়ের জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মোহনবাগান ৯ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে রয়েছে। চতুর্থ স্থানে থাকা গোয়ার ১১ ম্যাচে পয়েন্ট ১৯ । শীর্ষে রয়েছে ইস্টবেঙ্গল।১০ ম্যাচে তাদের পয়েন্ট ২১ ।

*************************************************************************